মেহেরপুরে সাড়ে ৩১ হাজার কিশোরী পাবে এইচপিভি টিকা

জরায়ু মুখের ক্যান্সার প্রতিরোধে মেহেরপুরে সাড়ে ৩১ হাজার জনের বেশি কিশোরীকে বিনামূল্যে এইচপিভি টিকা দেওয়া হবে। মেহেরপুর সিভিল সার্জন অফিসের মাধ্যমে আগামী ২৪ অক্টোবর থেকে মাসব্যাপী এ বিশেষ টিকা কার্যক্রম চলবে।

এ উপলক্ষে আজ বুধবার (২৩ অক্টোবর) সকাল ১০ টার সময় সিভিল সার্জন হল রুমে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে সিভিল সার্জন ডাক্তার মহী উদ্দিন আহম্মেদ গণমাধ্যম কর্মীদের এ তথ্য জানান।

সংবাদ সম্মেলনে এইচপিভি ক্যাম্পেইন বিষয়ে সার্বিক কর্ম পরিকল্পনা উপস্থাপন করেন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক। এসময় এই কর্মসূচির তত্বাবধায়ক ডাক্তার খোন্দকার ইমরান হাসিব উপস্থিত ছিলেন।

আগামী ২৪ অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত ৫ম শ্রেণীতে অধ্যয়নরত ৬ হাজার ৬৯৬ জন, ষষ্ঠ শ্রেণীতে অধ্যায়ণরত ৬ হাজার ২৪৬ জন, সপ্তম শ্রেণির ৬ হাজার ৩৩৮ জন, অষ্টম শ্রেণির ৬ হাজার ১১১ জন, নবম শ্রেণির ৫ হাজার ৯৩৯ জন, প্রতিবন্ধী ও বিশেষ চাহিদা সম্পন্ন ৪১ ছাত্রীকে টিকা প্রদান করা হবে।

এছাড়াও ৭ নভেম্বর থেকে ২৪ নভেম্বর পর্যন্ত ১০ থেকে ১৪ বছর বয়সী শিক্ষাপ্রতিষ্ঠান বহির্ভূত ২০২ জন কিশোরীদের টিকা প্রদান করা হবে।